

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-৫৫২

তারিখঃ ০৫/০৯/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ জিআর ক্যাশ বরাদ্দ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৫-৩৯৪, তারিখঃ ১৪/৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৬-২০১৭ অর্থ বছর জরুরী বন্যা ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ পরিস্থিতি মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর অনুচ্ছেদ ৭ (খ) নগদ অর্থ সহায়তা (জিআর) মোতাবেক বিতরণের জন্য নিম্নোক্ত জেলার জেলা প্রশাসক বরাবর পার্শ্বে প্রদত্ত পরিমাণ জিআর ক্যাশ এতদ্বারা বরাদ্দ দেয়া হলোঃ

ক্রঃ নং	জেলার নাম	চাহিদা পত্রের নম্বর ও তারিখ	জি আর ক্যাশ বরাদ্দের পরিমাণ
০১.	ময়মনসিংহ	নং-৬৯৭, তারিখঃ ৩০.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০২.	রাংগামাটি	নং-৪৮৫, তারিখঃ ১৭.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৩.	চাঁপাইনবাবগঞ্জ	নং-২৮৫, তারিখঃ ২৮.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৪.	গাইবান্ধা	নং-৬৫৩, তারিখঃ ০৯.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৫.	মাগুরা	নং-৩৯৫, তারিখঃ ২২.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৬.	ভোলা	নং-৫৫৩, তারিখঃ ০৬.৮.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৭.	সিলেট	-	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
মোট=			৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা

- ২। জেলা প্রশাসক, বরাদ্দকৃত জিআর ক্যাশ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর অনুচ্ছেদ ৭ (খ) নগদ অর্থ সহায়তা (জিআর) মোতাবেক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মধ্যে বরাদ্দ/বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। বরাদ্দকৃত জিআর ক্যাশ ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ-৫৯০০- সাহায্য- ৫৯৭৭-অন্যান্য মঞ্জুরী( জিআর ক্যাশ) খাত হতে নির্বাহ করা হবে।
- ৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- ৫। জেলা প্রশাসক বরাদ্দ পত্রটি তীর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তীর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।
- ৬। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,

ময়মনসিংহ/রাংগামাটি/চাঁপাইনবাবগঞ্জ/গাইবান্ধা/মাগুরা/ভোলা/সিলেট।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-৫৫২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ/রাংগামাটি/চাঁপাইনবাবগঞ্জ/গাইবান্ধা/মাগুরা/ভোলা/সিলেট-কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ/রাংগামাটি/চাঁপাইনবাবগঞ্জ/গাইবান্ধা/মাগুরা/ভোলা/সিলেট।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(মোঃ ইফতেখারুল ইসলাম)  
পরিচালক (ত্রাণ)